দৈনিক ইনকিলাব

তারিখ 09 AUG 2007
পৃষ্ঠা ১২ কলাম ৩

### ইবির ফাযিল-কামিল সিলেবাস অনুমোদন

# ২০০৬-০৭ সালের ফাযিল পাসকারীরা ডিগ্রির মান পাচ্ছে

**ইবি থেকে আলতাফ হোসেন**

ইসলামী বিশ্ববিদ্যালয়ের অধীনে ফাযিল (ডিগ্রি) ও কামিল (মাস্টার্স) শ্রেণীর সিলেবাস চূড়ান্তভাবে অনুমোদন করা হয়েছে। গতকাল (বুধবার) ভিসি প্রফেসর ফয়েজ মোহাম্মদ সিরাজুল হকের সভাপতিত্বে মাদ্রাসা সংক্রান্ত একাডেমিক কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। সভায় ফাযিল ও কামিলের সিলেবাস চূড়ান্তভাবে অনুমোদন দেয়া হয়। এছাড়া ২০০৬ ও ২০০৭ সালে ফাযিল পাসকৃতদের ৩০০ নম্বরের বিশেষ পরীক্ষায় অংশগ্রহণের মাধ্যমে ডিগ্রি পাস কোর্সের সার্টিফিকেট দেয়ার সিদ্ধান্ত হয়। পরীক্ষার বিষয়গুলো হল ঃ ইসলামিক স্টাডিজ লোকপ্রশাসন, দাওয়া এন্ড ইসলামিয়াত, ইসলামের ইতিহাস,

পৃঃ ১২ঃ কঃ ৫

## ২০০৬-০৭ সালের ফাযিল

১২-এর পৃষ্ঠার পর

আরবী এ বিষয়গুলোর যে কোন একটিতে ৩০০ নম্বরে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

একাডেমিক কমিটির সভায় উপস্থিত ছিলেন রেজিস্ট্রার ডঃ মসলেম উদ্দিন, মাওলানা হুসাইন আহমেদ, মাওলানা শাহ নেছারুল হক, মাওলানা আব্দুর রহমান, ইসলামী বিশ্ববিদ্যালয় মাদ্রাসা দপ্তরের জনাব রোশন খানসহ প্রমুখ।

অনুমোদনকৃত সিলেবাস আগামী ১৫ আগস্ট সিন্ডিকেট সভায় পাস হবে।